

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর বাণিজ্য মন্ত্রণালয়

**জ্বালানি তেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে গণপরিবহনের
পুনর্গঠিত ভাড়া বাস্তবায়ন সম্পর্কিত গণবিজ্ঞপ্তি**

আইন মেনে ব্যবসা করি
ভোক্তা-বান্ধব বাজার গড়ি

দেখেশুনে পণ্য/সেবা ক্রয় করি
ভোক্তা-অধিকার নিশ্চিত করি

গণপরিবহনের সম্মানিত মালিক-কর্মচারীবৃন্দ এবং যাত্রীসাধারণকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি জ্বালানি তেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে বিআরটিএ ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ আশুগঞ্জেলা ও দূরপালা রুটে চলাচলকারী ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া পুনর্গঠিত করা হয়েছে। সেই প্রেক্ষিতে গণপরিবহনের সম্মানিত মালিক-কর্মচারীবৃন্দকে পুনর্গঠিত ভাড়ার হার অনুসরণ করা এবং যাত্রীসাধারণের নিকট থেকে নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করা থেকে বিরত থাকার আহ্বান জানানো যাচ্ছে। উল্লেখ্য, নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় এবং সেবার মূল্য তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা 'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' অনুযায়ী ভোক্তা-অধিকার বিরোধী কাজ এবং দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, যাত্রীস্বার্থ তথা ভোক্তা-স্বার্থ সুরক্ষায় গণপরিবহনে নির্ধারিত ভাড়া আদায় এবং যাত্রীসাধারণ যেন কোন প্রকারেই হয়রানির শিকার না হন সেই বিষয়টি সর্বোচ্চ গুরুত্বের সাথে বিবেচনা করে এতদসম্পর্কিত প্রচলিত আইন, বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করার জন্য গণপরিবহনের সম্মানিত মালিক, শ্রমিক, কর্মচারীবৃন্দকে অনুরোধ করা হলো।

মাস্ক পরিধান করুন, নিজে সুস্থ থাকুন এবং অন্যকে সুস্থ রাখুন

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়